উপ-প্রকল্প ব্যবস্থাপকের কার্যালয়
হিট উপ-প্রকল্প (পিন ১৩৪৮২)
মানবসম্পদ ব্যবস্থাপনা বিভাগ
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪, বাংলাদেশ।

স্মারক নং: JKKNIU/HEAT/PIN-13482/26/01

তারিখ: ২৬/১০/২০২৬

হিট উপ-প্রকল্পের (পিন ১৩৪৮২) আওতায় ২০২৬-২৭ শিক্ষাবর্ষে পিএইচডি ফেলোশিপ বিজ্ঞপ্তি

১. উপ-প্রকল্প পরিচিতি

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মানবসম্পদ ব্যবস্থাপনা বিভাগে পরিচালিত নিম্নোক্ত হিট উপ-প্রকল্পের (পিন ১৩৪৮২) আওতায় অস্থায়ী ভিত্তিতে পিএইচডি গবেষণার জন্য যোগ্য ও আগ্রহী বাংলাদেশী নাগরিকের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

"বাংলাদেশের বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ-উদ্বেগের (ইকো-অ্যাংজাইটি) ওপর প্রাতিষ্ঠানিক, পরিবেশগত ও ব্যক্তিগত উপাদানের প্রভাব: আত্মনিয়ন্ত্রণ তত্ত্বভিত্তিক (সেলফ-ডিটারমিনেশন থিওরি) একটি ধারণাগত মডেল"

(Effects of Institutional, Environmental, and Individual Factors on Eco-Anxiety Among University Students in Bangladesh: A Conceptual Model Based on Self-Determination Theory)

উপ-প্রকল্পটি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) মাধ্যমে বাংলাদেশ সরকার (জিওবি) ও বিশ্বব্যাংকের অর্থায়নে হায়ার এডুকেশন অ্যাক্সেলারেশন অ্যান্ড ট্রান্সফরমেশন (হিট) প্রকল্পের একাডেমিক ট্রান্সফরমেশন ফান্ড (এটিএফ), উইন্ডো ৩এ (ii)-এর আওতায় পরিচালিত। প্রকল্পের মেয়াদকাল ২৭ আগস্ট ২০২৫ থেকে ৩০ জুন ২০২৮ পর্যন্ত।

২. গবেষণার ক্ষেত্রসমূহ:

উপ-প্রকল্পের মূল গবেষণা ক্ষেত্রগুলো হলো: পরিবেশ-উদ্বেগ, প্রাতিষ্ঠানিক সহায়তা ও বিশ্ববিদ্যালয়ের টেকসই নীতি, জলবায়ু সচেতনতা ও পরিবেশবান্ধব আচরণ, স্ব-নিয়ন্ত্রিত শিখন, মনস্তাত্ত্বিক স্থিতিস্থাপকতা, ক্যারিয়ার অনিশ্চয়তা ও সবুজ কর্মসংস্থান, সামাজিক যোগাযোগমাধ্যম ও ডিজিটাল চাপ এবং প্রকৃতি-সংযুক্তি। প্রকল্পের প্রধান লক্ষ্যসমূহ:

- বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের পরিবেশ-উদ্বেগের ওপর প্রাতিষ্ঠানিক, পরিবেশগত ও ব্যক্তিগত উপাদানের প্রভাব নির্ণয় করা।
- পরিবেশ-উদ্বেগ সৃষ্টিতে মধ্যস্থতাকারী (মেডিয়েটর) ও নিয়ন্ত্রক (মডারেটর) উপাদানসমূহ চিহ্নিত করা।
- স্ট্রাকচারাল ইকুয়েশন মডেলিং (এসইএম) পদ্ধতিতে উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে শিক্ষার্থীদের মানসিক সুস্থতা ও টেকসই আচরণ উন্নয়নে নীতিগত সুপারিশ প্রণয়ন করা।

৩. পদের বিবরণ

পদের নাম: পিএইচডি ফেলো (PhD Fellow)

পদসংখ্যা: ২টি

4. আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

ক) পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে যে-কোনো বিশ্ববিদ্যালয়/সরকারি বা এমপিওভুক্ত স্নাতক পর্যায়ের কলেজ/সরকারি গবেষণা প্রতিষ্ঠানে ২ বছরের গবেষণা/শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত জার্নালে ২টি গবেষণা প্রবন্ধ (অন্তত একটিতে প্রথম লেখক) থাকলে পিএইচ.ডি. প্রোগ্রামের জন্য আবেদন করতে পারবেন।

খ. এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত জার্নালে ২টি গবেষণা প্রবন্ধ থাকলে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। তবে "খ" এর শর্ত পূরণ না হলে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে ২টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে।

গ) পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

ক্রমিক নং	অনুষদ/বিভাগ	সনাতন পদ্ধতি	গ্রেডিং পদ্ধতি		মন্তব্য
		SSC, HSC, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর (সনাতন পদ্ধতি)	SSC, HSC (গ্রেড পদ্ধতি)	স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর (গ্রেড পদ্ধতি)	
০১	বিজ্ঞান ও প্রকৌশল (ESE)	৫০%	ন্যূনতম ৩.৫০ সহ সর্বমোট ৭.৫০	৩.০০ (৪.০০ স্কেলে)	শুধুমাত্র স্নাতক (পাস) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ৫০% নম্বর থাকতে হবে।
০২	ব্যবসায় প্রশাসন	৫৫%	ন্যূনতম ৩.০০ সহ সর্বমোট ৬.৫০		
০৩	সামাজিক বিজ্ঞান	৫০%			

গ) সোনালী ব্যাংক লিঃ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে পিএইচ.ডি. এর আবেদন ফরম ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা নগদ জমা দিয়ে সংগ্রহ করতে হবে। প্রাথমিক আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে **০৫/১১/২০২৬** ইং তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে অবশ্যই সকল পর্যায়ের পরীক্ষার সত্যায়িত মার্কশীট, সনদপত্রের অনুলিপি, দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও ২ সেট গবেষণা প্রস্তাবনা/সিনোপসিস A4 সাইজ অফসেট কাগজে কম্পিউটারে মুদ্রণ করে আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হবে। দেশের অন্য কোনো বিশ্ববিদ্যালয় থেকে পিএইচ.ডি ডিগ্রি অর্জনের লক্ষ্যে রেজিস্ট্রেশন করে থাকলে সে বিশ্ববিদ্যালয়ের ভর্তি বাতিলের প্রমাণপত্র এবং এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছাড়া অন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হলে মাইগ্রেশন সার্টিফিকেটের মূলকপি আবেদন পত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে বর্তমানে কর্মরত প্রতিষ্ঠান প্রধানের অনুমতিপত্রের ফটোকপি এবং ভর্তির সময় অবশ্যই স্ব স্ব নিয়োগ কর্তার চূড়ান্ত অনুমতি পত্র জমা দিতে হবে। চাকরিরত গবেষকদের অবশ্যই বর্তমান কর্মস্থলের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পূর্ণকালীন/খণ্ডকালীন প্রয়োজনীয় ছুটির অনুমতিপত্র জমা দিতে হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য নিয়মাবলি এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এর কার্যালয় থেকে জানা যাবে। যাচাইকৃত কাগজপত্র বা গবেষণা প্রস্তাব ব্যতীত অথবা অন্য কোনো প্রকারের অসম্পূর্ণ দরখাস্ত বিবেচিত হবে না। একজন প্রার্থী কেবলমাত্র যে-কোনো একটি গবেষণা প্রোগ্রামে ভর্তির আবেদন করতে পারবেন। পিএইচ.ডি ডিগ্রিধারী এবং পূর্বে ভর্তি ও রেজিস্ট্রিকৃত কিন্তু গবেষণা অসমাপ্ত রয়েছে এমন কেউ এই প্রোগ্রামে ভর্তির আবেদন করতে পারবেন না।

৫. মাসিক সম্মানী

➢ পিএইচডি ফেলো: সর্বসাকুল্যে **[৪০,০০০/- থেকে ৫০,০০০/- টাকা অথবা প্রজেক্টের বাজেট অনুযায়ী]** প্রতি মাস।

বিশেষ দ্রষ্টব্য:

- শুধুমাত্র প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।
- সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

26.10.26

ড.মোহাম্মদ রফিকুল আমিন, সহযোগী অধ্যাপক
উপ-প্রকল্প ব্যবস্থাপক (এসপিএম), হিট উপ-প্রকল্প (পিন ১৩৪৮২)
মানবসম্পদ ব্যবস্থাপনা বিভাগ
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
মোবাইল: +৮৮০১৪০৫৭৫০৯৫০
ইমেইল: rafiqulshalo@gmail.com